



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শ্রম অধিদপ্তর  
ট্রেড ইউনিয়ন শাখা  
www.dol.gov.bd

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৪.১৮.০০১.০২.৭৫

তারিখ: ২১ মাঘ ১৪২৬

০৪ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: যে সকল রেজিস্টার্ড ট্রেড ইউনিয়ন/ফেডারেশন এর কার্যকরী কমিটির নির্বাচনী ফলাফল ও বার্ষিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী নির্ধারিত মেয়াদের মধ্যে দাখিল করা হয় নাই সে সকল ইউনিয়ন/ফেডারেশন এর রেজিস্ট্রেশন বাতিল করার জন্য মামলা রুজু প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (অদ্যাবধি সংশোধিত) ও বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ মোতাবেক রেজিস্টার্ড ট্রেড ইউনিয়ন/ফেডারেশন এর কার্যকরী কমিটির মেয়াদ ০২ (দুই) বৎসর এবং প্রতিষ্ঠানপুঞ্জের ক্ষেত্রে ০৩ (তিন) বৎসর। ট্রেড ইউনিয়ন/ফেডারেশন এর কার্যকরী কমিটির মেয়াদ শেষে নির্বাচনের মাধ্যমে কার্যকরী কমিটি গঠন এবং বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী নির্ধারিত ছকে পরবর্তী বৎসরের ৩০ এপ্রিল এর মধ্যে রেজিস্টার্ড অব ট্রেড ইউনিয়নস বরাবর দাখিলের বাধ্যবাধকতা রয়েছে।

শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, বিভাগীয় শ্রম দপ্তর এবং আঞ্চলিক শ্রম দপ্তরসমূহের আওতাধীন রেজিস্টার্ড ইউনিয়ন/ ফেডারেশনসমূহের মধ্যে বাস্তবে অধিকাংশ ইউনিয়ন/ফেডারেশন এর সাংগঠনিক কার্যক্রম চলমান নেই। দীর্ঘদিন যাবৎ কার্যকরী কমিটির নির্বাচন ও বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল না করা সত্ত্বেও সে সকল ইউনিয়ন/ফেডারেশনসমূহের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ না করার ফলে অকার্যকর ইউনিয়ন/ ফেডারেশন এর তালিকা দিন দিন দীর্ঘ হচ্ছে।

এমতাবস্থায়, যে সকল রেজিস্টার্ড ট্রেড ইউনিয়ন/ফেডারেশন এর কার্যকরী কমিটির নির্বাচন ও বার্ষিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী বাংলাদেশ শ্রম আইন ২০০৬, বাংলাদেশ শ্রম বিধি মালা ২০১৫ এবং স্থায়ী গঠনতন্ত্র মোতাবেক করা হয় নাই সে সকল ট্রেড ইউনিয়ন/ফেডারেশনসমূহ-কে কারন দর্শানো পূর্বক সরেজমিনে তদন্তে অস্তিত্বহীন প্রমানিত হলে সে সকল ইউনিয়ন/ ফেডারেশনসমূহের বিরুদ্ধে সংশ্লিষ্ট মাননীয় শ্রম আদালতে রেজিস্ট্রেশন বাতিলের জন্য মামলা রুজু করে অত্র দপ্তর-কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৪-২-২০২০

এ.কে.এম.মিজানুর রহমান

মহাপরিচালক

বিতরণ :

- ১) পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা
- ২) পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম
- ৩) পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, খুলনা
- ৪) পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, রাজশাহী
- ৫) পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, নারায়নগঞ্জ
- ৬) উপ-পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
- ৭) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, ময়মনসিংহ
- ৮) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, দিনাজপুর
- ৯) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, রংপুর
- ১০) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, সিলেট
- ১১) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, ফরিদপুর
- ১২) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, কুষ্টিয়া
- ১৩) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, বরিশাল
- ১৪) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, বগুড়া
- ১৫) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, কুমিল্লা

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৪.১৮.০০১.০২.৭৫/১(৩)

তারিখ: ২১ মাঘ ১৪২৬  
০৪ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর
- ২) সহকারী পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর
- ৩) অফিস কপি



৪-২-২০২০

মোঃ গিয়াস উদ্দিন  
পরিচালক